

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
খোকসা, কুষ্টিয়া।

স্মারক নং-০০.০০.৫০৪৩.০৩৯.৫৫.২৯-১৯ - ২/১৬

তারিখ: ৩০ মার্চ ১৪২৫ বঙ্গাব্দ।
২২ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ।

বাংলা ১৪২৬ সনের হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার খোকসা উপজেলাধীন হাট-বাজার সরকারি বিদ্যমান নীতিমালার আলোকে বাংলা ১৪২৬ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪২৬ পর্যন্ত ০১(এক) বছর মেয়াদি ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত সিল মোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র নির্ধারিত তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, খোকসা, সহকারী (ভূমি) এর কার্যালয়, খোকসা ও অফিসার ইনচার্জ, খোকসা থানা এর কার্যালয়ে নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জাতীয় পরিচয় পত্র জমাদান পূর্বক নগদ (অফেরত যোগ্য) মূল্যে যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের শেষ তারিখ ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা প্রশাসক, কুষ্টিয়া ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাঞ্ছিত দরপত্র জমা করা হবে। একই দিন বেলা ৩.০০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। ইজারা গ্রহণে অগ্রহী সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র সংগ্রহ করতঃ দরপত্রে অংশ গ্রহণ করার জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে। ইজারা প্রদানের প্রথম ঘোষিত তফসিলে যদি চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা না যায় তবে দ্বিতীয়/তৃতীয় তফসিল অনুযায়ী ইজারা প্রদানের যোগ্য তারিখ বলে বিবেচিত হবে। ইজারার শর্তসমূহ দরপত্রের সিডিউলে বর্ণিত হয়েছে। ইজারা কার্যক্রমে সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন। উল্লেখ্য যে, ইজারা গ্রহিতাকে ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% হারে ভ্যাট (মূল্য সংযোজন কর) এবং ৫% হারে আয়কর ও ৫% হারে জামানত পরিশোধ করতে হবে। সিডিউল মোতাবেক ৩০% হারে ব্যাংক ড্রাফট / পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। ইজারা কার্যক্রমের সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

হাট-বাজারের সূচীপত্র।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	হাট-বাজারের নাম	দরপত্র মূল্য	১৪২৬ বাংলা সনের জন্য হাট- বাজারের সম্ভাব্য মূল্য
১	বেতবাড়ীয়া ইউনিয়ন	বনগ্রাম বাজার	৫০০/-	২,৬৩৩/-
২	ওসমানপুর ইউনিয়ন	গনেশপুর হাট	৫০০/-	৪,২৮৭/-
৩	জানিপুর ইউনিয়ন	একতারপুর হাট	১,০০০/-	১,৬০,৯৬৮/-
৪	শিমুলিয়া ইউনিয়ন	বিলজানি বাজার	৫০০/-	২৯,৪৬৮/-
৯	-এ-	নল্লাপাড়া হাট	৫০০/-	৩৩০০/-
৬	শোমসপুর ইউনিয়ন	শোমসপুর বাজার	৫০০/-	৯৯,১১৫/-
৭	জয়ন্তিহাজরা ইউনিয়ন	ফুলবাড়ী বাজার	৫০০/-	২,৫০৯/-
৮	-এ-	ভবানীগঞ্জ বাজার	৫০০/-	৬০৫৯৭/-
৯	-এ-	মাসিলিয়া বাজার	৫০০/-	১৪৯২৯/-
১০	গোপগ্রাম ইউনিয়ন	গোপগ্রাম বাজার	৫০০/-	৬৩৭৭৭/-
১১	-এ-	সাতপাখিয়া বাজার	৫০০/-	২১২০০/-
১২	-এ-	আমলাবাড়ী বাজার	৫০০/-	৭৬২৪/-
১	খোকসা ইউনিয়ন	মোড়াগাছা বাজার	৫০০/-	৮৯৮৭/-
১৪	আমবাড়ীয়া ইউনিয়ন	সেনগ্রাম হাট	১,২০০/-	২,১৩,০৬০/-

ডাকের তফসিল।

ডাক	দরপত্র ক্রয়ের তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সর্বশেষ সময়	দরপত্র বাস্তব খোলার সময়
১ম ডাক	২৬/০২/২০১৯ হতে ০৪/০৩/২০১৯	০৫/০৩/২০১৯	দুপুর ১.০০ টা পর্যন্ত	বিকাল ৩.০০ টা
২য় ডাক	১৮/০৩/২০১৮ হতে ২১/০৩/২০১৯	২৪/০৩/২০১৯	দুপুর ১.০০ টা পর্যন্ত	বিকাল ৩.০০ টা
৩য় ডাক	০২/০৪/২০১৮ হতে ০৮/০৪/২০১৯	০৯/০৪/২০১৯	দুপুর ১.০০ টা পর্যন্ত	বিকাল ৩.০০ টা

প্রত্যেক ডাকের পর কোন কোন হাট-বাজারের দরপত্র বিক্রয় করা হবে সে সম্পর্কে বিস্তারিত তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে। এছাড়া সিডিউলের শর্ত হাট-বাজার নীতিমালা সরকারের প্রচলিত নীতিমালা প্রযোজ্য হবে।

মাফফারা তাসনী
উপজেলা নির্বাহী অফিসার
খোকসা কুষ্টিয়া।